বার্ষিক প্রতিবেদন ২০২২-২০২৩



টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড (টেশিস)


(ডিজিটাল ডিভাইস উৎপাদন, সংযোজন ও সরবরাহকারী একমাত্র রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান)

ফোন: +৮৮-০২-২২৪৪১০৭৭৯, ফ্যাক্স: +৮৮-০২-২২৪৪১২৭০০, ই-মেইল: mdtss@tss.com.bd, md.tssltd@gmail.com
ওয়েব সাইট: www.tss.gov.bd, ফেসবুক: www.facebook.doel.tss

বার্ষিক প্রতিবেদন
২০২২-২০২৩

টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড (টেশিস)

পৃষ্ঠপোষকতায় : মোঃ আশরাফ হোসেন (পিইঞ্জ), ব্যবস্থাপনা পরিচালক, টেশিস।
: মোঃ মাইনুল হাসান, কোম্পানি সচিব, টেশিস।
সার্বিক তত্ত্বাবধানে : ইসমাইল মিয়া, উপ-মহাব্যবস্থাপক, টেশিস।
সমন্বয় : মোঃ মিজানুর রহমান, ব্যবস্থাপক
মোঃ জুলফিকার হায়দার, ব্যবস্থাপক
বিশ্বাস মুরাদ হোসেন, ব্যবস্থাপক, টেশিস।
প্রচ্ছদ ও অঙ্গসজ্জা : রকিবুল হাসান মোহাম্মদ ইউসুফ, সহকারী ব্যবস্থাপক, টেশিস।
প্রকাশকাল : ডিসেম্বর ২০২৩ খ্রিঃ।



"সমস্ত সরকারী কর্মচারীকেই আমি অনুরোধ করি, যাদের অর্থে আমাদের সংসার চলে তাদের সেবা করুন।"

-জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান



প্রতিমন্ত্রী
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

বাংলাদেশের সরকারি মালিকানাধীন টেলিকম কোম্পানি "টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড" (টেশিস) কর্তৃক ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগকে আমি স্বাগত জানাই।

সমগ্র বিশ্বে বাংলাদেশ আজ এক উন্নয়ন বিস্ময়। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, মহান স্বাধীনতার স্থপতি এবং বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা'র আধুনিক রূপ ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়ন করে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশকে উন্নীত করেছেন এক বিস্ময়কর উচ্চতায়। যে জাদুর কাঠির ছোঁয়ায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র বাংলাদেশ আজ অপ্রতিরোধ্য হয়ে উঠেছে সেই জাদুর কাঠি হচ্ছে বঙ্গবন্ধুর আদর্শ। প্রজ্ঞাবান ও বিচক্ষণ রাষ্ট্রনায়ক বঙ্গবন্ধু তার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে কৃষি, শিক্ষা, স্বাস্থ্য, তথ্য ও যোগাযোগ প্রযুক্তিসহ নানা খাতে যে উদ্যোগ ও কার্যক্রম নিয়েছিলেন, তাতেই রচিত হয় একটি আধুনিক বিজ্ঞানমনস্ক প্রযুক্তিনির্ভর বাংলাদেশের ভিত্তি।

১৯৬৭ খ্রিস্টাব্দে তৎকালীন সরকার এবং পশ্চিম জার্মানির মেসার্স সিমেন্স এজি'র যৌথ উদ্যোগে টঙ্গীতে স্থাপিত টেলিফোন ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (টিআইসি)-কে ১৯৭৩ খ্রিষ্টাব্দে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড (টেশিস) নামে নতুনভাবে ঢেলে সাজান। স্বাধীনতা উত্তরকালে তাঁর সরকারের উন্নয়ন পরিকল্পনায় টেশিস আধুনিক টেলিফোন এক্সচেঞ্জ, পিএবিএক্স, ফ্যাক্স মেশিন, ডিপি/সিটি বক্স, কেবিনেট, টেলিফোন সেট উৎপাদন করে দেশের টেলিযোগাযোগ সেক্টরের চাহিদা পূরণ করছিল। ১৯৭৫ সালের ১৫ই আগস্ট বঙ্গবন্ধুর নির্মম হত্যাকান্ডের পরে সেই অগ্রযাত্রা ব্যাহত হয় এবং ধীরে ধীরে টেশিস একটি রুগ্ন শিল্পে পরিনত হতে থাকে।

বঙ্গবন্ধুকন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০০৮ সালে রূপকল্প-২০২১ মাধ্যমে আমাদের স্বপ্ন দেখিয়েছিলেন। তাঁর স্বপ্ন ছিল তথ্যপ্রযুক্তির যথাযথ ব্যবহারের মাধ্যমে স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে অর্থাৎ ২০২১ সালের মধ্যে দেশকে ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত মধ্যম আয়ের জ্ঞানভিত্তিক ডিজিটাল বাংলাদেশে রূপান্তর করা। ২০০৯ সালে মাননীয় প্রধানমন্ত্রীর পৃষ্ঠপোষকতায় বিভিন্ন প্রতিকূলতা মোকাবেলা করে টেশিস স্বল্পতম সময়ে "ডিজিটাল বাংলাদেশ" বিনির্মাণ কর্মসূচিতে সরকারের সহযোগী প্রতিষ্ঠান হওয়ার সক্ষমতা অর্জন করে। মাননীয় প্রধানমন্ত্রী তাঁর জ্ঞান, প্রজ্ঞা, মেধা, দূরদর্শিতা এবং সর্বোপরি অসামান্য নেতৃত্বে এবং প্রধানমন্ত্রীর আইসিটি বিষয়ক মাননীয় উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদ জয়ের সঠিক দিক নির্দেশনা এবং তত্ত্বাবধানে মাত্র ১২ বছরের মধ্যেই আমরা ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়ন করেছি। যার সুফল কেন্দ্র থেকে তৃণমূল পর্যন্ত দেশের জনগণ ভোগ করছে।

মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে উন্নত অর্থনীতির দিকে এগিয়ে যাচ্ছে দেশ। তিনি বাংলাদেশকে স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে পরিণত করেছেন। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের অঙ্গীকার সফলভাবে বাস্তবায়নের পর মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা স্মার্ট সিটিজেন, স্মার্ট ইকোনমি, স্মার্ট গভর্নমেন্ট এবং স্মার্ট

সোসাইটি এই চারটি মূল স্তম্ভের ওপর ভিত্তি করে ২০৪১ সাল নাগাদ একটি সাশ্রয়ী, টেকসই, বুদ্ধিদীপ্ত, জ্ঞানভিত্তিক, উদ্ভাবনী স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের ঘোষণা দিয়েছেন। আমি আন্তরিকভাবে বিশ্বাস করি যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে টেশিস গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

টেলিফোন শিল্প সংস্থা লিমিটেডের প্রত্যক্ষ সম্পৃক্ততায় ২০২২-২৩ অর্থবছরে যে সকল কার্যক্রম বাস্তবায়িত হয়েছে তার তথ্য সন্নিবেশ করে এ বার্ষিক প্রতিবেদনটি প্রকাশের জন্য এ কাজে সংশ্লিষ্ট সকলকে আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি এবং এর সফলতা কামনা করছি।

"আমরা জয়ী, আমরা দূর্বার,
প্রযুক্তি এগিয়ে যাওয়ার হাতিয়ার"।

জয় বাংলা জয় বঙ্গবন্ধু।

(জুনাঈদ আহ্মেদ পলক, এমপি)
প্রতিমন্ত্রী



আবু হেনা মোরশেদ জামান
চেয়ারম্যান, টেশিস পরিচালনা পর্ষদ
এবং
সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

বাণী

প্রিয় শেয়ারহোল্ডারগণ ও সহকর্মীবৃন্দ,

টেশিসের ৫২তম বার্ষিক সাধারণ সভায় আপনাদের সকলকে স্বাগত জানাচ্ছি। বিজয়ের মাসে ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের ৩০ লক্ষ শহীদ ও ২ লক্ষ সম্ভ্রমহারা মা-বোনদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করছি এবং গভীর শ্রদ্ধাভরে স্মরণ করছি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে ও তাঁর পরিবারবর্গসহ ১৫ই আগস্টের সকল শহীদদের।

২০৪১ সালের স্মার্ট বাংলাদেশ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার অভিলক্ষ্য নিয়ে টেশিস কাজ করে যাচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রী স্মার্ট বাংলাদেশের চারটি স্তম্ভ তথা স্মার্ট নাগরিক, স্মার্ট সমাজ, স্মার্ট অর্থনীতি ও স্মার্ট সরকার নির্ধারণ করে দিয়েছেন। যার ফলে বাংলাদেশে নানামূখী সম্ভাবনা সৃষ্টি হয়েছে এবং এই ক্ষেত্রে টেশিস বিভিন্ন যন্ত্রাংশ উৎপাদন/সংযোজন ও সরবরাহের মাধ্যমে স্মার্ট বাংলাদেশ গঠনে অবদান রাখবে বলে আশা করা যাচ্ছে। "টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড (টেশিস)-এর ভৌত অবকাঠামো আধুনিকায়ন, নতুন ডিজিটাল ডিভাইস উৎপাদন/সংযোজন প্ল্যান্ট স্থাপন এবং বিদ্যমান প্ল্যান্টসমূহের উৎপাদন/সংযোজন সক্ষমতা বৃদ্ধিকরণ" এর সমন্বিত সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্পের কাজ শেষ পর্যায়ে। এর মাধ্যমে বাস্তবভিত্তিক পর্যালোচনা করে টেশিসকে একটি আধুনিক যুগোপযোগী কোম্পানিতে রুপান্তর করা যাবে।

আপনাদের সহযোগিতা, পৃষ্ঠপোষকতা ও ব্যবস্থাপনার ফলে রাষ্ট্রীয় প্রতিষ্ঠান টেশিস ঐতিহ্য নিয়ে এগিয়ে চলেছে। আমি ধন্যবাদ জানাচ্ছি ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, টেশিস পরিচালনা পর্ষদের সকল সদস্য, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানি, ব্যাংক, বীমা, আর্থিক প্রতিষ্ঠান ও অন্যান্য পৃষ্ঠপোষকসহ সম্মানিত গ্রাহকদের, যারা আমাদের এ প্রতিষ্ঠানের পথ চলার সাথী। আপনারা জানেন "ডিজিটাল বাংলাদেশ" বিনির্মাণের গর্বিত অংশীদার হিসেবে টেশিস দেশের বিভিন্ন প্রতিষ্ঠান, সর্বসাধারণ ও শিক্ষার্থীদের জন্য ল্যাপটপ, ডেস্কটপ, ট্যাব, বায়োমেট্রিক ডিভাইসেস, স্মার্ট এলইডি টেলিভিশন, ডিজিটাল/আইপি পিবিএক্স, ডিজিটাল কলার আইডি টেলিফোন সেট, আইপি টেলিফোন সেট, স্মার্ট প্রি-পেইড এনার্জি মিটার, স্যাটেলাইট মডুলেটর, ট্রান্সমিশন যন্ত্রপাতি ইত্যাদি উৎপাদন/সংযোজন ও সরবরাহের মাধ্যমে দেশের টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি খাতে অব্যাহত সেবা দিয়ে আসছে। এ সেবা দেশের জন্য কতটা ফলপ্রসু হয়েছে ও কোম্পানির জন্য লাভজনক হয়েছে তা পূর্নাঙ্গভাবে মূল্যায়ন পূর্বক ভবিষ্যৎ পরিকল্পনা নির্ধারণ করে বঙ্গবন্ধুর সোনার বাংলা ও মাননীয় প্রধানমন্ত্রীর স্মার্ট বাংলাদেশ গঠনে অবদান রাখবে এবং লাভ-লোকসান পর্যালোচনা করে টেশিস মুনাফা অর্জনে সক্ষম হবে। এর আগে আদৌ কোন ভুল হয়ে থাকলে সেগুলো সংশোধন পূর্বক কোন অন্যায় চাপের কাছে নতি স্বীকার না করে আইন, বিধি-বিধান ও বাস্তবতার আলোকে মাননীয় প্রধানমন্ত্রীর বলিষ্ঠ নেতৃত্বে কাজ করে যাবে।

টেশিসের ৫২তম বার্ষিক সাধারণ সভায় ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন উপস্থাপনের আহবান জানাচ্ছি।

আমি আন্তরিকভাবে টেশিসের সাফল্য কামনা করি এবং বিশ্বাস করি যে স্মার্ট বাংলাদেশ গঠনে টেশিস বিভিন্ন স্মার্ট ডিভাইস ও আইসিটি পণ্য উৎপাদন/সংযোজন, বাজারজাতকরণ ও সরবরাহের মাধ্যমে আইসিটি খাতে এর অবদান আরও সমৃদ্ধ করবে।

সকলের সুস্বাস্থ্য কামনা করছি।
জয় বাংলা
বাংলাদেশ চিরজীবী হোক।

আবু হেনা মোরশেদ জামান, বিপিএএ
চেয়ারম্যান
পরিচালনা পর্ষদ, টেশিস



মোঃ আশরাফ হোসেন, পিইঞ্জ
ব্যবস্থাপনা পরিচালক, টেশিস

বাণী

সম্মানিত চেয়ারম্যান, টেশিস পরিচালনা পর্ষদ এবং সম্মানিত শেয়ার হোল্ডারগণ, প্রিয় সহকর্মী ও সুধী,

১৯৬৭ খ্রিস্টাব্দে তৎকালীন সরকার এবং পশ্চিম জার্মানির মেসার্স সিমেন্স এজি'র যৌথ উদ্যোগে টঙ্গীতে টেলিফোন ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (টিআইসি) প্রতিষ্ঠা লাভ করে। ১৯৭৩ খ্রিষ্টাব্দে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড (টেশিস) নামে নতুনভাবে টিআইসিকে ঢেলে সাজান। স্বাধীনতা উত্তরকালে তাঁর সরকারের উন্নয়ন পরিকল্পনায় টেশিস আধুনিক টেলিফোন এক্সচেঞ্জ, পিএবিএক্স, ফ্যাক্স মেশিন, ডিপি/সিটি বক্স, কেবিনেট, টেলিফোন সেট উৎপাদন করে দেশের টেলিযোগাযোগ সেক্টরের চাহিদা পূরণের লক্ষ্যে এগুচ্ছিলো। ১৯৭৫ পরবর্তী সময়ে সেই অগ্রযাত্রা ব্যাহত হয় এবং ধীরে ধীরে টেশিস একটি রুগ্ন শিল্পে পরিণত হতে থাকে।

২০০৯ খ্রিস্টাব্দে মাননীয় প্রধানমন্ত্রীর পৃষ্ঠপোষকতায় বিভিন্ন প্রতিকূলতা মোকাবেলা করে টেশিস স্বল্পতম সময়ে "ডিজিটাল বাংলাদেশ" বিনির্মাণ কর্মসূচিতে সরকারের সহযোগী প্রতিষ্ঠান হওয়ার সক্ষমতা অর্জন করে। মাননীয় প্রধানমন্ত্রী গত ১১ অক্টোবর ২০১১ খ্রিঃ তারিখে "দোয়েল" ব্র্যান্ড টেশিস ল্যাপটপের শুভ উদ্বোধন করেন। এরপর একে একে টেশিস এর পণ্যসম্ভারে যোগ হয়েছে স্মার্ট প্রি-পেইড এনার্জি মিটার, দোয়েল ব্রান্ডের ডেস্কটপ, নোটবুক, ট্যাব, বায়োমেট্রিক ডিভাইস, স্মার্ট এলইডি টেলিভিশন, মাল্টিমিডিয়া প্রোজেক্টর, সাউন্ড বক্স, SDH MUX, Satellite Modulator, IP based PABX প্রভৃতি ডিজিটাল ডিভাইস।

টেশিস ইতোমধ্যে টেলিযোগাযোগ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "সুবিধাবঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাব্যবস্থা ডিজিটালকরণ" প্রকল্পের অধীনে ৬৫০ টি প্রাথমিক বিদ্যালয় ও পার্বত্য এলাকার ২৮ টি পাড়াকেন্দ্রে ল্যাপটপ, ট্যাব, স্মার্ট এলইডি টেলিভিশন, মডেম ইত্যাদি ডিজিটাল ডিভাইস স্থাপন এবং শিক্ষার ডিজিটাল কন্টেন্ট বিষয়ে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম সম্পন্ন করেছে। আইসিটি অধিদপ্তরের আওতাধীন "শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন" প্রকল্পের ১ম পর্যায়ে প্রাথমিকভাবে ১২৬০ টি স্কুলে ডিজিটাল ল্যাব স্থাপনের লক্ষ্যে ১৩২৬০টি ল্যাপটপ এবং ২য় পর্যায়ে ৯০০ টি স্কুলে ১৫৩০০টি সহ সর্বমোট ২৮৫৬০টি ল্যাপটপ সংযোজনপূর্বক সরবরাহ করেছে।

বিটিসিএল, বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি, বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানিসহ বিভিন্ন প্রতিষ্ঠানে টেশিস কর্তৃক বিভিন্ন টেলিকম ইকুইপমেন্ট সংযোজনপূর্বক সরবরাহ করা হয়েছে। ডিজিটাল বাংলাদেশ প্রতিষ্ঠায় টেশিস একটি সহায়ক প্রতিষ্ঠান হিসেবে কাজ করে পরিবেশ বান্ধব আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে টেলিকম ও আইসিটি খাতে আমদানী নির্ভরতা কমানোর মাধ্যমে জাতীয় উন্নয়নে অবদান রেখে যাচ্ছে।

টেশিস একটি সরকারি মালিকানাধীন কোম্পানি হলেও বর্তমানে সরাসরি সরকারি আর্থিক সহযোগিতা ছাড়াই নিজস্ব আয়ের মাধ্যমে পরিচালিত হচ্ছে। টেশিস পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান ও সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগের পৃষ্ঠপোষকতা আর আপনাদের সকলের সহযোগিতায় টেশিস ধীরে ধীরে একটি পূর্ণাংগ ডিজিটাল ডিভাইস উৎপাদনকারী প্রতিষ্ঠানে পরিনত হতে যাচ্ছে। ইতোপূর্বে গৃহীত কার্যক্রম কোম্পানির জন্য কতটা ফলপ্রসু ও লাভজনক তা মূল্যায়নপূর্বক টেশিসের বর্তমানের উৎপাদন/সংযোজন প্ল্যান্টসমূহকে আরও আধুনিক ও যুগোপযোগী করা এবং উৎপাদন ক্ষমতা বৃদ্ধি করা সহ নতুন নতুন ডিজিটাল ডিভাইস উৎপাদন/সংযোজন এর উদ্যোগ গ্রহণ করা হবে।

টেশিসকে লাভজনক পর্যায়ে উন্নীত করার জন্য আপনাদের সর্বাত্মক সহযোগিতা কামনা করছি। মহান বিজয়ের মাসে ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের সকল শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে টেশিসের ৫২তম বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণের জন্য আপনাদের সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

(মোঃ আশরাফ হোসেন পিইঞ্জ)
ব্যবস্থাপনা পরিচালক
টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড

সূচিপত্র

প্রতিমন্ত্রীর বাণী	০৫-০৬
চেয়ারম্যানের বাণী	০৭-০৮
ব্যবস্থাপনা পরিচালকের বাণী	০৯-১০
পরিচালনা পর্ষদ	১৫
টেশিস ব্যবস্থাপনা	১৯-২০
এক নজরে টেশিস	২১
রূপকল্প, অভিলক্ষ্য ও উদ্দেশ্য	২২
টেশিসের প্ল্যান্টসমূহ	২৩-২৬
কোম্পানীর শেয়ার, মূলধন ও অবকাঠামো	২৭
২০২২-২৩ অর্থবছরের অর্জন ও ২০২৩-২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা	২৮
বর্তমান কর্মকাণ্ড ও ভবিষ্যৎ পরিকল্পনা	২৯
লাভ-ক্ষতি	৩০
জনবল ও কর্মচারী কল্যাণ	৩১
৫২তম বার্ষিক সাধারণ সভার নোটিশ	৩২
৫১তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী	৩৩-৩৫
নিরীক্ষা প্রতিবেদন ২০২২-২০২৩	৩৭-৬১
গ্যালারী	৬২-৬৪

পরিচালনা পর্ষদ





আবু হেনা মোরশেদ জামান
চেয়ারম্যান, টেশিস পরিচালনা পর্ষদ
এবং
সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ



এ কে এম হাবিবুর রহমান
পরিচালক, টেশিস এবং
ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লি.



মোঃ জহিরুল ইসলাম
পরিচালক, টেশিস এবং
যুগ্মসচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ



সাহানা
পরিচালক, টেশিস এবং
যুগ্মসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

পরিচালক, টেশিস এবং
ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল




সাব্বীর আহমেদ এফসিএ
পরিচালক, টেশিস এবং
ভাইস প্রেসিডেন্ট, আইসিএবি



মোঃ আশরাফ হোসেন, পিইঞ্জ
ব্যবস্থাপনা পরিচালক, টেশিস

টেশিস ব্যবস্থাপনা





মোঃ আশরাফ হোসেন, পিইঞ্জ
ব্যবস্থাপনা পরিচালক, টেশিস



সাঈদ মাহমুদ, পিইঞ্জ
মহাব্যবস্থাপক
(প্রশাসন ও অর্থ)



মোঃ মিজানুর রহমান মোল্লা
মহাব্যবস্থাপক
(প্ল্যানিং, ডেভেলপম্যান্ট এবং রিসার্চ)



মোঃ মাইনুল হাসান
উপ-মহাব্যবস্থাপক
(এইচ আর ও কল্যাণ)



মোঃ মাজহারুল ইসলাম
উপমহাব্যবস্থাপক
(কম্পিউটার ডিভাইসেস)



এরশাদ হোসেন
উপমহাব্যবস্থাপক
(পরিকল্পনা ও সমন্বয়)



ইসমাইল মিয়া
উপমহাব্যবস্থাপক
(অর্থ ও হিসাব)



মোঃ আব্দুর রাজ্জাক খান
উপমহাব্যবস্থাপক
(রক্ষণাবেক্ষণ)



মোঃ মিজানুর রহমান
ব্যবস্থাপক
(প্রশিক্ষণ)



সামিয়া ইফফাত
ব্যবস্থাপক
(প্রশাসন)



জি এম রাকিব হাসান
ব্যবস্থাপক (নিরীক্ষা)



মোঃ জুলফিকার হায়দার
ব্যবস্থাপক (পরিকল্পনা)



বিশ্বাস মুরাদ হোসেন
ব্যবস্থাপক (হিসাব)



মোহাম্মদ মুজিবুর রহমান
সহকারী ব্যবস্থাপক (ক্রয়)



মোঃ সুলতান শাহরিয়া
সহকারী ব্যবস্থাপক (পিবিএক্স)



মোঃ রেজাউল করিম
সহকারী ব্যবস্থাপক (সংগঠন ও পদ্ধতি)



মোঃ রহমত উল্লাহ
সহকারী ব্যবস্থাপক (ল্যাপটপ)



মোঃ মোজাম্মেল হক
সহকারী প্রোগ্রামার ১
(সফটওয়্যার এবং এপস)



মোঃ মাহমুদুল হাসান
সহকারী ব্যবস্থাপক (প্রশাসন)



রকিবুল হাসান মোহাম্মদ ইউসুফ
সহকারী ব্যবস্থাপক (বিপণন)



মোঃ এ বি এম নাহিদুজ্জামান
সহকারী ব্যবস্থাপক (বিক্রয় ও সেবা)



মোঃ জোবায়ের রায়হান
সহকারী ব্যবস্থাপক (ষ্টোর)



মোঃ আমিনুল ইসলাম
সহকারী প্রোগ্রামার ২
(সফটওয়্যার এবং এপস)

এক নজরে টেশিস

- টেলিফোন ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন প্রতিষ্ঠা লাভ করে ১৯৬৭ সালে।
- মেসার্স সিমেন্স এজি ও তৎকালীন সরকারের শেয়ার মালিকানা ছিলো ৪৯:৫১।
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক টেলিফোন ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন এর নামকরণ টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড (টেশিস) হয় ২৪ এপ্রিল ১৯৭৩ খ্রিস্টাব্দে।
- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সিমেন্স এজির শেয়ার মালিকানা ছিল ৯২:০৮।
- সিমেন্স থেকে টেশিসের সকল শেয়ার সচিব, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ে হস্তান্তর হয় ২০০৮ সালে।
- টেশিস রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিতে রেজিস্ট্রিভুক্ত হয়ে একটি পাবলিক লিমিটেড কোম্পানিতে পরিণত হয় ২০১০ সালে।
- অনুমোদিত মূলধন ৫০০ কোটি।
- পরিশোধিত মূলধন ৮,৬৮,২৪,০০০ টাকা।
- অবকাঠামো
  - মূল ভবন : ৫ তলা (৬০,৮০০ বর্গফুট)।
  - শেড : এক তলা (৪০,০০০ বর্গফুট)।
  - স্টোর : (৩,০০০ বর্গফুট)।
  - সারফেস ওয়ার্কশপ : (১৬,০০০ বর্গফুট)।
  - ওয়্যার হাউজ : (৩,৫০০ বর্গফুট)।
  - কারপেন্ট্রি সপ : (৪,০০০ বর্গফুট)।

- এছাড়া কাস্টমার কেয়ার সেন্টার, নিরাপত্তা রক্ষীদের গেট কক্ষ, ক্যান্টিন ও মসজিদ রয়েছে।
- **টেশিস পণ্য:** কলার আইডি টেলিফোন সেট, স্টেনো টেলিফোন সেট, পিএবিএক্স, দোয়েল ব্র্যান্ডের ল্যাপটপ, নোটবুক, ট্যাব, বায়োমেট্রিক ডিভাইস, স্মার্ট প্রি-পেইড এনার্জি মিটার, SDH MUX, Satellite Modulator, IP based PABX প্রভৃতি ডিজিটাল ডিভাইস।

রূপকল্প (Vision)

টেলিকম ও ICT নির্ভর পণ্যসামগ্রী উৎপাদন ও সংযোজনের মাধ্যমে দেশে ব্যাপক কর্মসংস্থান সৃষ্টি ও স্মার্ট বাংলাদেশ প্রতিষ্ঠা।

অভিলক্ষ্য (Mission)

স্মার্ট বাংলাদেশ প্রতিষ্ঠায় একটি সহায়ক প্রতিষ্ঠান হিসাবে কাজ করা, পরিবেশবান্ধব আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে টেলিকম ও ICT খাতের আমদানী নির্ভরতা কমানোর মাধ্যমে জাতীয় উন্নয়নে অবদান রাখা এবং যাবতীয় স্মার্ট পণ্যসমূহের সুবিধাদি জনগণের কাছে পৌছানো।

উদ্দেশ্য

- স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে স্বল্পমূল্যে বিভিন্ন প্রতিষ্ঠানে ও জনগণের মধ্যে স্বল্পমূল্যে ল্যাপটপ, ডেস্কটপ, ট্যাব, নোটবুক, স্মার্ট টিভি, আইওটি ডিভাইস বিক্রয় ও বিক্রয়োত্তর সেবা প্রদান।
- টেলিযোগাযোগ খাতে স্বনির্ভরতা অর্জনের লক্ষ্যে ডিজিটাল টেলিফোন এক্সচেঞ্জ, আইপি পিএবিএক্স, স্টেনো, টেলিফোন সেটসহ বিবিধ ডিজিটাল ডিভাইস সদৃশ্য যন্ত্রপাতির উপকরণের প্রয়োজন মিটানো।
- কারিগরী দক্ষতা বিনিময়ের মাধ্যমে এবং মূল্যবান যন্ত্রপাতি উৎপাদনের লক্ষ্যে কারিগরী জ্ঞানের উন্নতি অর্জনের সুযোগ দানের বিনিময়ে কারিগরী জ্ঞান হস্তান্তর, উন্নতমান ও মূল্যমানের শিল্প, আধুনিক ব্যবস্থাপনা, যন্ত্রপাতি উৎপাদন এবং নিয়ন্ত্রণ।
- নতুন নতুন কর্মক্ষেত্র ও চাকরীর সুযোগ সৃষ্টি।
- দেশের আমদানী নির্ভরশীলতা হ্রাসকরণ।

টেশিসের পণ্যসমূহ

০১. ডিজিটাল টেলিফোন সেট ও স্টেনো সেট
০২. পিবিএক্স সিস্টেম
০৩. ডিজিটাল স্মার্ট প্রিপেইড এনার্জি মিটার
০৪. ট্রান্সমিশন ইকুইপমেন্ট (MUX, DWDM, Modulator ইত্যাদি)
০৫. দোয়েল ল্যাপটপ
০৬. ডেস্কটপ কম্পিউটার, ট্যাব
০৭. Smart LED টেলিভিশন
০৮. Wi-Fi Router, Switch
০৯. Biometric Device.
১০. Conference system



টেশিসের প্ল্যান্টসমূহ

ডিজিটাল টেলিফোন সেট প্ল্যান্ট













টেশিস বিভিন্ন সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, বেসরকারি প্রতিষ্ঠান ও জনসাধারণের মধ্যে বিক্রয়ের জন্য বর্তমানে ৪ (চার) টি মডেলের ডিজিটাল টেলিফোন সেট ২ (দুই) টি মডেলের স্টেনো সেট ও ২ (দুই) টি মডেলের কলার আইডি টেলিফোন সেট উৎপাদন/সংযোজন ও বিপণন করছে।

বিক্রয়োত্তর সেবা প্রদানের লক্ষ্যে টেশিস এর প্রধান কার্যালয়, রমনা, নীলক্ষেত এবং শের-ই-বাংলানগরে একটি করে মোট চারটি টেলিফোন সেট বিক্রয় এবং বিক্রয়োত্তর সেবা কেন্দ্র চালু রয়েছে। তাছাড়া সম্প্রতি টেশিসে একটি কল সেন্টার স্থাপন করা হয়েছে, যার মাধ্যমে বিভিন্ন ধরণের অভিযোগ গ্রহণ এবং সেবা প্রদান করা হয়ে থাকে।

ডিজিটাল পিএবিএক্স প্ল্যান্ট









ডিজিটাল পিএবিএক্স প্ল্যান্টে বর্তমানে SKD (Semi Knock Down) পদ্ধতিতে কাঁচামাল সংগ্রহ করা হয় এবং সংযোজন করে বিভিন্ন সরকারি দপ্তরে সরবরাহ, স্থাপন ও রক্ষণাবেক্ষণ সেবা প্রদান করা হয়। বর্তমানে বঙ্গভবন, গণভবন, জাতীয় সংসদ সচিবালয়, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, দুর্নীতি দমন কমিশন, বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ পুলিশ, RAB, এনবিআর, বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, মেডিকেল কলেজসমূহ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়সহ অন্যান্য গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়ে, জাতীয় রাজস্ব বোর্ড ইত্যাদি প্রতিষ্ঠানে পিএবিএক্স সরাসরি সরবরাহ ও স্থাপন পূর্বক অত্যন্ত সুনাম ও দক্ষতার সাথে বিক্রয়োত্তর সেবা প্রদান করা হচ্ছে।

ডিজিটাল এনার্জি মিটার প্ল্যান্ট







ডিজিটাল প্রি-পেইড এনার্জি মিটার প্ল্যান্টের বর্তমান অবকাঠামো ৫০০০ বর্গফুট। উক্ত প্ল্যান্টে স্ট্রাটেজিক পার্টনার কর্তৃক নিয়োজিত স্থায়ী কর্মকর্তা-কর্মচারী ১৮ জন এবং খণ্ডকালীন টেকনিশিয়ান-১০ জন। এছাড়া স্থাপন কাজে প্রয়োজন অনুসারে ৪০ থেকে ১২০ জন কর্মকর্তা-কর্মচারী নিয়োজিত থাকেন। এ পর্যন্ত উক্ত প্ল্যান্ট থেকে ডেসকো, ডিপিডিসি ও বিআরইবিতে ৫,৭৫,০০০টি স্মার্ট প্রি-পেইড এনার্জি মিটার সরবরাহ করা হয়েছে।

টেশিস ল্যাপটপ প্ল্যান্ট



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুদূর প্রসারী ও সুদৃঢ় পদক্ষেপের মাধ্যমে বাংলাদেশ আজ তথ্য প্রযুক্তির উচ্চশিখরের দিকে চলমান। তারই দিক নির্দেশনায় দেশ আজ তথ্য প্রযুক্তিতে বিশ্বের কাছে মাথা উঁচু করে দাঁড়াতে পেরেছে। দেশের প্রত্যন্ত অঞ্চলে তথ্য প্রযুক্তি নির্ভর পণ্য ও সেবা পৌঁছে গেছে। এমনই অনেক ডিভাইস এর মধ্যে দোয়েল ল্যাপটপ অন্যতম। ১১ অক্টোবর ২০১১ সালে মাননীয় প্রধানমন্ত্রী দোয়েল ল্যাপটপ এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনের পর সম্মানিত গ্রাহকদের কাছে দোয়েল ল্যাপটপ-এর চাহিদা ও সুনাম বৃদ্ধি পেয়েছে। বর্তমানে টেশিস Core i7 (10^{th} Gen), Core i5 (10^{th} Gen), Core i3 (10^{th} Gen), সম্বলিত উচ্চ কার্যক্ষমতা সম্পন্ন (High Configuration) দোয়েল ল্যাপটপ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, বেসরকারি প্রতিষ্ঠানসহ সাধারণ সম্মানিত গ্রাহকদের কাছে বিক্রয় এবং বিক্রয়োত্তর সেবা প্রদান করছে। দোয়েল ল্যাপটপের বিক্রয় এবং বিক্রয়োত্তর সেবা প্রদানের লক্ষ্যে ঢাকায় ৪টি, (নীলক্ষেত, IDB ভবন, শেরেবাংলা নগর ও রমনা), গাজীপুরে টেশিস এর প্রধান কার্যালয়ে ১টি, খুলনায় ১টি সহ মোট ৬টি বিক্রয় এবং বিক্রয়োত্তর সেবা কেন্দ্র চালু আছে।

ল্যাপটপ প্ল্যান্টের বর্তমান অবকাঠামো ৫০০০ হাজার বর্গফুট। প্ল্যান্টটিতে একটি ৭০ ফিট প্রোডাকশন লাইন আছে যা দ্বারা দৈনিক ৫০০ টি ল্যাপটপ সংযোজন করা যায়।

কোম্পানির শেয়ার ও শেয়ার হোল্ডার

টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড (টেশিস) সরকারের মালিকানাধীন একটি পাবলিক লিমিটেড কোম্পানী। বর্তমানে টেশিস এর প্রতিটি ১,০০০/- (এক হাজার) টাকা মূল্যমানের ৮৬,৮২৪টি শেয়ার সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং ৬জন পরিচালকের নামে নিম্নরূপে বরাদ্দ:

◈ সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ	:	৮৬,৮১২টি
◈ যুগ্ম সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়	:	০২ টি
◈ যুগ্ম সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ	:	০২ টি
◈ ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল	:	০২ টি
◈ ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিঃ	:	০২ টি
◈ কাউন্সিল মেম্বার, আইসিএবি	:	০২ টি
◈ ব্যবস্থাপনা পরিচালক, টেশিস	:	০২ টি
		৮৬,৮২৪ টি

অনুমোদিত মূলধন ও পরিশোধিত মূলধন

অনুমোদিত মূলধন	:	৳ ১০০০ প্রতিটি মূল্যমানের ৫০,০০,০০০ টি সাধারণ শেয়ার	:	৳ ৫০০,০০,০০,০০০
পরিশোধিত মূলধন	:	৳ ১০০০ প্রতিটি মূল্যমানের ৮৬,৮২৪ টি পরিশোধিত শেয়ার	:	৳ ৮,৬৮,২৪,০০০
ব্যাংকসমূহ	:	১) সোনালী ব্যাংক লিঃ, স্টেশন রোড শাখা, টঙ্গী, গাজীপুর; ২) মার্কেন্টাইল ব্যাংক লিঃ, এলিফ্যান্ট রোড শাখা, ঢাকা;		
রেজিস্টার্ড অফিস	:	কক্ষ # ৭ (২য় তলা), ডাক ভবন (জিপিও), ঢাকা-১০০০।		

জমিজমা

ক্রমিক নং	বিবরণ	জমির পরিমাণ
০১	টেশিস মূল কম্পাউন্ড	১৩.৩৮৬ একর
০২	কম্পাউন্ড সংলগ্ন মাঠ	৫.৫০০ একর
০৩	আউচপাড়া স্টাফ কোয়ার্টার	৫.৮৯০ একর
০৪	উত্তরা কোয়ার্টারের জমি	২.৫৫৯ একর

টেশিস ২০২২-২০২৩ সালে নিম্নোক্ত আইটেমসমূহ সংযোজন/উৎপাদন/স্থাপন/বিক্রয় করেছে

১) ডিজিটাল টেলিফোন সেটঃ

টেশিস বিভিন্ন সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, বেসরকারি প্রতিষ্ঠান ও জনসাধারণের মধ্যে বিক্রয়ের জন্য বর্তমানে ০২ (দুই) টি মডেলের স্টেনো সেট ও ০২ (দুই) টি মডেলের কলার আইডি টেলিফোন সেট উৎপাদন/সংযোজন ও বিপণন করছে। ২০২২-২০২৩ অর্থবছরে বিভিন্ন মডেলের ২১৭৬টি ডিজিটাল টেলিফোন সেট উৎপাদন/সংযোজন ও বিক্রয় হয়েছে।

২) পিএবিএক্সঃ

২০২২-২০২৩ অর্থবছরে বিভিন্ন সংস্থায় ৬টি পিবিএক্স সংযোজন, সরবরাহ ও স্থাপনের কাজ সম্পন্ন করা হয়েছে। বিভিন্ন সরকারি, আধা সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে বিদ্যমান টেশিসের পিবিএক্স এর রক্ষণাবেক্ষণ ও সেবা প্রদানের কাজ চলমান রয়েছে।

৩) স্মার্ট প্রি-পেইড এনার্জি মিটারঃ

২০২২-২০২৩ অর্থবছরে ডেসকো কে সরবরাহের জন্য ৫০,০০০টি স্মার্ট প্রি-পেইড এনার্জি মিটার সংযোজন করা হয়েছে।

৪) দোয়েল ল্যাপটপ/ডেস্কটপ সংযোজন ও বিপণনঃ

বাংলাদেশে স্বল্প মূল্যের ল্যাপটপ উৎপাদন/সংযোজন ও বিপণনের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী গত ১১ অক্টোবর ২০১১ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে টেলিফোন শিল্প সংস্থা কর্তৃক সংযোজিত দোয়েল ব্র্যান্ডের ল্যাপটপ বিতরণ ও বাজারজাতকরণের কার্যক্রম শুভ উদ্বোধন করেন। টেশিস এ যাবত মোট ১১টি মডেলের দোয়েল ল্যাপটপ উৎপাদন/সংযোজন করেছে। সেগুলো মানের দিক থেকে বাজারে সুনাম অর্জন করেছে এবং আরো উন্নত স্পেসিফিকেশনের Core i7 প্রসেসর সমৃদ্ধ দোয়েল ল্যাপটপের পরবর্তী মডেল বাজারজাত করা হচ্ছে। ২০২২-২০২৩ অর্থবছরে বিভিন্ন সরকারি, আধা সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে বিভিন্ন মডেলের ১১,৪০০টি ল্যাপটপ/ডেস্কটপ কম্পিউটার সংযোজন করে বিক্রয় করা হয়েছে।

৫) SDH MUX & Other Telecom Equipmentঃ

২০২২-২০২৩ অর্থবছরে বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিঃ এ DWDM সহ বিভিন্ন টেলিকম ইকুইপমেন্ট স্থাপন ও সরবরাহ করা হয়েছে।

২০২৩-২০২৪ অর্থ বছরের লক্ষ্যসমূহ ঃ

ডিজিটাল এনার্জি মিটার উৎপাদন/সংযোজন	:	২৫,০০০ (পঁচিশ হাজার) টি
টেলিফোন সেট উৎপাদন/সংযোজন	:	৩,০০০ (তিন হাজার) টি
পিএবিএক্স উৎপাদন/সংযোজন	:	৫ (পাঁচ) টি
ল্যাপটপ উৎপাদন/সংযোজন	:	১,৫০০ (এক হাজার পাঁচশত) টি

বর্তমানে টেশিসে চলমান বিভিন্ন গুরুত্বপূর্ণ কার্যক্রম

১। টেলিযোগাযোগ অধিদপ্তর এর আওতাধীন "সুবিধা বঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থা ডিজিটালকরণ" প্রকল্পে টেলিভিশন, ল্যাপটপ, ট্যাবসহ বিভিন্ন মালামাল সরবরাহ, স্থাপন ও প্রশিক্ষণ কার্যক্রম সমাপ্ত হয়েছে। সরবরাহকৃত ট্যাব সমূহে প্রাথমিক বিদ্যালয়ের শিশু শ্রেণী থেকে ৫ম শ্রেণী শিক্ষার ডিজিটাল কন্টেন্ট ও স্ক্যাচ প্রোগ্রামিং ইন্সটলেশন এবং Provitional Acceptance Test (PAT) কার্যক্রম সম্পন্ন হয়েছে। বর্তমানে Final Acceptance Test (FAT) কার্যক্রম চলমান।

২। বাংলাদেশ সুপ্রিম কোর্ট কার্যালয়ে ১২০+১২০০ লাইন বিশিষ্ট ডিজিটাল পিবিএক্স সরবরাহ ও স্থাপন কাজ চলমান আছে।

৩। টেশিসের মাধ্যমে সরবরাহকৃত পণ্যের সর্বোত্তম বিক্রয়োত্তর সেবা প্রদানের লক্ষ্যে টেশিসে কল সেন্টার স্থাপন করা হয়েছে।

৪। এপিএ, শুদ্ধাচার পুরস্কার, আরটিএ, সিটিজেন চার্টার, ইনোভেশন, তথ্য অধিকার আইন মেনে সকল কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে।

৫। জাতীয় দিবস উদ্‌যাপনঃ ১২ ডিসেম্বর ডিজিটাল বাংলাদেশ দিবস, ১৬ই ডিসেম্বর মহান বিজয় দিবস, ২১শে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, ১৭ই মার্চ জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালন, ২৬ শে মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস, ১৫ই আগস্ট জাতীয় শোক দিবস, যথাযথ মর্যাদার সাথে পালন করা হয়ে থাকে।

উৎপাদিত পণ্যের বর্তমান ও ভবিষ্যৎ বাজার সম্ভাবনা

টেশিস দেশিয় ব্রান্ডের ডিজিটাল ডিভাইস উৎপাদন/সংযোজনকারী একমাত্র সরকারি প্রতিষ্ঠান। টেশিসে বর্তমানে দেশিয় ব্রান্ড দোয়েল এর Laptop, Desktop Computer, Android Smart TV, Projector, Digital Telephone Set, Digital PBX, Smart Pre-paid Energy Meter এবং অন্যান্য Digital Device উৎপাদন/সংযোজন করা হচ্ছে । বর্তমানে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে টেশিস কর্তৃক Digital Devices উৎপাদন/সংযোজন এর গুরুত্ব অপরিসীম। তাই আধুনিক তথ্য প্রযুক্তির যুগে Laptop, Desktop Computer ও অন্যান্য ডিজিটাল ডিভাইস ছাড়া জীবন যাপন অচল। প্রতিদিন এর ব্যবহার বেড়েই চলছে। শিক্ষা ক্ষেত্রেও ডিজিটাল ডিভাইসের ব্যাপক অবদান রয়েছে। ছাত্র/ছাত্রীদের Digital Content তৈরী ও আধুনিক শিক্ষা দেওয়ার জন্য Laptop Projector সহ বিভিন্ন Digital Devices এর প্রয়োজন হয় যা TSS উৎপাদন ও সংযোজন করে থাকে। এছাড়াও টেশিস তার সেবাকে আরও সহজ করার জন্য টেশিস পণ্য সেবা Apps চালু করেছে এবং নগদ এর সাথে Payment Gateway চালু করেছে। তাই Digital শিক্ষা ব্যবস্থা প্রচারের ক্ষেত্রে TSS এর Digital পণ্যের বাজারে চাহিদা প্রতিদিন বৃদ্ধি পাচ্ছে। TSS বর্তমানে Smart Energy pre-paid meter উৎপাদন/সংযোজন করে থাকে। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে টেশিস গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। গ্রাহকগণ এখন ঘরে বসে Smart meter Recharge করতে পারছে। বাংলাদেশের প্রতিটি ঘরে ঘরে এখন Smart Energy meter ব্যবহার শুরু হচ্ছে। এমনিভাবে TSS এর উৎপাদিত/সংযোজিত Digital Device সমূহের বর্তমান বাজারে যেমন ব্যাপক চাহিদা রয়েছে তেমনি তথ্য প্রযুক্তির উৎকর্ষ সাধনের ফলে উজ্জ্বল বাজার সম্ভাবনা রয়েছে।

ভবিষ্যৎ পরিকল্পনা

- সাশ্রয়ী মূল্যে যুগের চাহিদা অনুযায়ী ল্যাপটপ, মোবাইল ফোন, ট্যাব, ডিজিটাল স্মার্ট এনার্জি মিটার এবং তথ্য প্রযুক্তি নির্ভর যন্ত্রপাতি উৎপাদন, সংযোজন ও সরবরাহ করা।
- টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড (টেশিস)-এর ভৌত অবকাঠামো আধুনিকায়ন, নতুন ডিজিটাল পণ্য উৎপাদন ও সংযোজন প্ল্যান্ট স্থাপন এবং বিদ্যমান প্ল্যান্টসমূহের উৎপাদন ও সংযোজন সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প বাস্তবায়ন করা।
- দেশব্যাপী টেলিযোগাযোগ ব্যবস্থা আধুনিকায়নে অবদান রাখা।
- আধুনিক বিপণন ব্যবস্থা প্রবর্তনের মাধ্যমে বৃহত্তর পরিসরে ডিজিটাল ডিভাইসেস সরবরাহের ব্যবস্থা করা।

লাভ/ক্ষতি

টেশিস ১৯৭০-১৯৯৩ সাল পর্যন্ত 'না লাভ না ক্ষতি' নীতির উপর পরিচালিত হতো। তখন টেশিসের একমাত্র ক্রেতা ছিল বিটিটিবি (বর্তমানে বিটিসিএল)। ১৯৯৩ সাল হতে টেশিস বাণিজ্যিক ভিত্তিতে ব্যবসা পরিচালনা শুরু করে। ২০১৩-২০১৪ সাল হতে আয়-ব্যয়ের হিসাব (ট্যাক্স বাদ দেয়ার পর) নিম্নে দেয়া হলো:

ক্রমিক	অর্থবছর	আয় (লক্ষ টাকা)	ব্যয় (লক্ষ টাকা)	লাভ/ক্ষতি (লক্ষ টাকা)
১.	২০১৩-২০১৪	৬৩১৩.৮৮	৬২৫৯.২৩	৫৪.৬৫
২.	২০১৪-২০১৫	৬৫২৪.১৫	৬৪৬৩.৪৫	৬০.৭০
৩.	২০১৫-২০১৬	১১,৪৬৮.৫৮	১১,৩৮৯.২০	৭৯.৩৮
	২০১৫-২০১৬*	১১,৫৫৯.৩৯	১১,৩৮৯.২০	১৭০.১৯
৪.	২০১৬-২০১৭	২৮,১৩৭.৬০	২৭,৮৪৭.৫৩	২৯০.০৭
৫.	২০১৭-২০১৮	৯৫৯৭.০৪	৯৫৯৭.৬০	(০০.৫৬)
৬.	২০১৮-২০১৯	১৪২৬৪.০৯	১৩০৬৭.৬৮	১১৯৬.৪১*
৭.	২০১৯-২০২০	১১৩৮১.৬১	১১৫১৫.৩৮	(১৩৩.৭৭)
৮.	২০২০-২০২১	৯৭৫৪.৩৬	৯৯৪৮.৯১	(১৯৪.৫৫)
৯.	২০২১-২০২২	১৩৬৩৪.৩৫	১৪০৫৬.০৮	(৪২১.৭৩)
১০.	২০২২-২০২৩	৬২৫৯.৩৭	৬৯৬০.১০	(৭০০.৭৩)

দ্রষ্টব্য: * ২০১৫-২০১৬ অর্থবছরের হিসাব Restated করা হয়েছে।

* ২০১৮-২০১৯ অর্থবছরের লাভের সাথে মূলধনী অর্জন অন্তর্ভুক্ত আছে।

জনবল

বর্তমানে কর্মরত জনবল ১৬৬ জন (অর্গানোগ্রাম অনুযায়ী অনুমোদিত জনবল ৫৫৫ জন)

টেশিস গ্রেড	স্থায়ী জনবল
১	১ জন (প্রেষণে কর্মরত)
২	-
৩	২ জন (১ জন প্রেষণে কর্মরত)
৪	৫ জন (২ জন প্রেষণে কর্মরত)
৫	৫ জন
৬	১০ জন
৭	৫ জন
৮-১২	৭৩ জন
মোট	**১০১ জন**

অন্যান্যঃ	
টেশিস কর্মকর্তা-কর্মচারী (অস্থায়ী)	০১ জন
টেশিস চুক্তিভিত্তিক কর্মকর্তা-কর্মচারী	৪৫ জন
টেশিস নৈমিত্তিক কর্মচারী	১৯ জন
সর্বমোট	**১৬৬ জন**

কর্মচারী কল্যাণ

যৌথবীমা : কোম্পানির কর্মচারীদের কল্যাণে চাকরিকালীন দুর্ঘটনা এবং চাকরিরত অবস্থায় মৃত্যুর ঝুঁকি সম্বলিত বীমা সুবিধা ডেল্টা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিঃ এর মাধ্যমে প্রদান করা হয়।

কল্যাণ তহবিল : পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে কর্মচারীদের কল্যাণমূলক কাজে বাৎসরিক বাজেটে কল্যাণ তহবিলে অর্থ বরাদ্দ রাখা হয়।

প্রদেয় ভবিষ্য তহবিল : কর্মচারী এবং কোম্পানি কর্তৃক অংশীদারিত্বের ভিত্তিতে পরিচালিত ভবিষ্য তহবিল রয়েছে, যেখানে কর্মচারীর মূল বেতনের ১০%-এর সমপরিমাণ চাঁদা কোম্পানি কর্তৃক প্রদান করা হয়।

আনুতোষিক (গ্রাচুইটি) : স্থায়ী পদে কর্মরত কোন কর্মচারী কোম্পানিতে কমপক্ষে ০৫ (পাঁচ) বছর অব্যাহতভাবে চাকরি করার পর আনুতোষিক (গ্রাচুইটি) প্রাপ্য হন।

চিকিৎসা সেবা : টেশিসের কর্মকর্তা কর্মচারীদের চিকিৎসার জন্য একটি মেডিকেল সেন্টার রয়েছে, যেখানে সার্বক্ষণিক একজন মেডিকেল সহকারী দায়িত্বরত আছেন।

টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড (টেশিস)

ডিজিটাল ডিভাইস উৎপাদন, সংযোজন ও সরবরাহকারী একমাত্র রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান
ব্যবস্থাপনা পরিচালক এর কার্যালয়, টঙ্গী, গাজীপুর ১৭১০
Website: www.tss.com.bd, www.tss.gov.bd, Fax: 02-224412700

উন্নত মান ও বিশ্বস্ত সেবার পথিকৃৎ

স্মারক নং- ১৪.৩৬.০০০০.০০৩.০৬.০০১.২০.৪০ তারিখ: ০২.১২.২০২৩ খ্রিঃ/ ১৭ অগ্রহায়ণ ১৪৩০

টেলিফোন শিল্প সংস্থা লি. (টেশিস) এর ৫২তম বার্ষিক সাধারণ সভা পুনঃনির্ধারণ সংক্রান্ত নোটিশ।

টেলিফোন শিল্প সংস্থা লি. (টেশিস) এর সম্মানিত শেয়ার হোল্ডারগণকে জানানো যাচ্ছে যে, টেশিসের ৫২তম বার্ষিক সাধারণ সভা (AGM) অনিবার্য কারনবশতঃ ০৫ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ তারিখের পরিবর্তে আগামী ০৭ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ, বৃহস্পতিবার, দুপুর ০২:০০ ঘটিকায় টেশিসের সভাকক্ষ, টঙ্গী, গাজীপুরে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন টেশিস পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান এবং সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ জনাব আবু হেনা মোরশেদ জামান, বিপিএএ।

সভায় নিম্নোক্ত বিষয়সমূহ আলোচিত হবেঃ-

১। টেশিসের ৫১তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।
২। টেশিস পরিচালনা পর্ষদ থেকে এক-তৃতীয়াংশ অথবা এক-তৃতীয়াংশের নিকটবর্তী সংখ্যক পরিচালককে অবসর প্রদান এবং পরিচালকের শূন্য পদে সমসংখ্যক পরিচালক নিয়োগ প্রদান।
৩। টেশিসের ২০২২-২০২৩ অর্থ বছরের নিরীক্ষিত হিসাব অনুমোদন।
৪। ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য টেশিসের অডিটর নিয়োগ ও সম্মানী নির্ধারণ সংক্রান্ত।
৫। বিবিধ

উক্ত সভায় টেশিসের সম্মানিত শেয়ার হোল্ডারগণকে যথা সময়ে উপস্থিত থাকার জন্য সবিনয় অনুরোধ করা হলো।

(মোঃ মাইনুল হাসান)
কোম্পানি সচিব (অতিঃ দায়িত্ব)
মোবাইল: ০১৫৫০১৫১৪৬১

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। জনাব আবু হেনা মোরশেদ জামান, বিপিএএ, চেয়ারম্যান, টেশিস পরিচালনা পর্ষদ ও সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
২। জনাব একেএম হাবিবুর রহমান, পরিচালক, টেশিস পরিচালনা পর্ষদ ও ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিঃ।
৩। জনাব মোঃ জহিরুল ইসলাম, পরিচালক, টেশিস পরিচালনা পর্ষদ ও যুগ্মসচিব (টেলিকম), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
৪। জনাব সাহানা, পরিচালক, টেশিস পরিচালনা পর্ষদ ও যুগ্মসচিব, অর্থ বিভাগ।
৫। জনাব সাব্বীর আহমেদ এফসিএ, পরিচালক, টেশিস পরিচালনা পর্ষদ ও কাউন্সিল মেম্বার, আইসিএবি।
৬। জনাব মোঃ আশরাফ হোসেন, ব্যবস্থাপনা পরিচালক, টেশিস।

টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড (টেশিস)
ডিজিটাল ডিভাইস উৎপাদন, সংযোজন ও সরবরাহকারী একমাত্র রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান
ব্যবস্থাপনা পরিচালক এর কার্যালয়, টঙ্গী, গাজীপুর ১৭১০
Website: www.tss.com.bd, www.tss.gov.bd, Fax: 02-224412700

ডিজিটাল বাংলাদেশ
Digital Bangladesh
উন্নত মান ও বিশ্বস্ত সেবার পথিকৃৎ

টেলিফোন শিল্প সংস্থা লিঃ (টেশিস) এর ৫১তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী

সভার তারিখ : ১৮ ডিসেম্বর ২০২২ খ্রিঃ/০৩ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ, রোববার; দুপুর ১২:০০ টা।
স্থান : টেশিসের সভাকক্ষ, টেশিস মূল ভবন (৩য় তলা), টঙ্গী, গাজীপুর।
সভাপতি : জনাব মোঃ খলিলুর রহমান, চেয়ারম্যান, টেশিস পরিচালনা পর্ষদ এবং সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।

সভায় নিম্নবর্ণিত শেয়ার হোল্ডারগণ উপস্থিত ছিলেন:

০১	জনাব মোঃ খলিলুর রহমান	চেয়ারম্যান, টেশিস পরিচালনা পর্ষদ এবং সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
০২	ড. মোঃ রফিকুল মতিন	পরিচালক, টেশিস পরিচালনা পর্ষদ এবং ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল
০৩	জনাব একেএম হাবিবুর রহমান	পরিচালক, টেশিস পরিচালনা পর্ষদ এবং ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিঃ
০৪	জনাব মোঃ ফিরোজ আহমেদ	পরিচালক, টেশিস পরিচালনা পর্ষদ এবং যুগ্মসচিব, অর্থ বিভাগ
০৫	জনাব মোঃ আসলাম হোসেন	পরিচালক, টেশিস পরিচালনা পর্ষদ এবং যুগ্মসচিব (প্রশাসন), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
০৬	জনাব সাব্বীর আহমেদ এফসিএ	পরিচালক, টেশিস পরিচালনা পর্ষদ এবং ভাইস প্রেসিডেন্ট, আইসিএবি
০৭	জনাব মোঃ আহসান হাবীব তপাদার	পরিচালক, টেশিস পরিচালনা পর্ষদ এবং ব্যবস্থাপনা পরিচালক, টেশিস

সভায় সরকারের প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন ডাক ও টেলিযোগাযোগ বিভাগের উপসচিব জনাব এ. বি. এম. সাদিকুর রহমান।

২। সভাপতি সাধারণ সভার কোরাম পূর্ণ হওয়ায় সন্তোষ প্রকাশ করেন এবং সবাইকে স্বাগত জানিয়ে টেলিফোন শিল্প সংস্থা লিঃ (টেশিস) এর ৫১তম বার্ষিক সাধারণ সভা আরম্ভ করেন। সভায় নিম্নবর্ণিত বিষয়াবলীর উপর আলোচনা ও সিদ্ধান্ত হয়:

৩। আলোচ্য সূচি ০১: টেশিসের ৫০তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:

৩.১। টেশিস এর ৫০তম (অর্থবছর ২০২০-২০২১) বার্ষিক সাধারণ সভা সম্মানিত শেয়ারহোল্ডারগণের অংশগ্রহণে ২৩ ডিসেম্বর ২০২১, বেলা : ১২:০০ টায় টেশিস সভাকক্ষ, টঙ্গী, গাজীপুরে অনুষ্ঠিত হয়। উক্ত বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী লিপিবদ্ধ করা হয়েছে এবং তা পর্ষদের চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত হয়েছে। সভাপতির অনুমতিক্রমে কোম্পানি সচিব, ৫০তম (অর্থবছর ২০২০-২০২১) বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী সভায় পেশ করেন। সম্মানিত শেয়ার হোল্ডার গনের নিকট কার্যবিবরণীটি প্রেরণ করা হয়েছে। সভার পর্যবেক্ষণে যথাযথভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে ৫০তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

৩.২। সিদ্ধান্ত-১/৫১: টেশিসের ৫০তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চিত করা হল।

৪। আলোচ্য সূচি ০২: টেশিস পরিচালনা পর্ষদ থেকে এক-তৃতীয়াংশ অথবা এক-তৃতীয়াংশের নিকটবর্তী সংখ্যক পরিচালককে অবসর প্রদান এবং শূন্য পদে সমসংখ্যক পরিচালক নিয়োগ প্রদান:

৪.১। কোম্পানি আইন ১৯৯৪ এর ধারা ৯১(২) এবং তফসিল-১ এর প্রবিধান ৭৯-৮২ যুগপৎ ভাবে কোম্পানির সংঘ বিধির ১২৪ অনুচ্ছেদ মোতাবেক প্রতি বৎসর সাধারণ সভায় কোম্পানির এক-তৃতীয়াংশ অথবা এক-তৃতীয়াংশের নিকটবর্তী সংখ্যক পরিচালক তাঁদের পদ হতে অবসর গ্রহণ করবেন। অবসর গ্রহণকারী পরিচালকগণ পুনরায় নির্বাচিত হবার যোগ্য হবেন। অবসর গ্রহণকারী পরিচালকগণের পুনঃ নির্বাচনকে অর্থবহ করার জন্য তাঁদেরকে লিখিত সম্মতি প্রদান করতে হবে। টেশিস পরিচালনা পর্ষদের ৭ (সাত) জন পরিচালকের এক-তৃতীয়াংশের নিকটবর্তী ২ (দুই) জন। সে মোতাবেক সর্বশেষ ২৩ ডিসেম্বর ২০২১ তারিখের পরিচালক নির্বাচনের সময় হতে অধিক সময় পরিচালকের দায়িত্বে ছিলেন এমন ২ (দুই) জন পরিচালককে অবসর

টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড (টেশিস)
ডিজিটাল ডিভাইস উৎপাদন, সংযোজন ও সরবরাহকারী একমাত্র রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান
ব্যবস্থাপনা পরিচালক এর কার্যালয়, টঙ্গী, গাজীপুর ১৭১০
Website: www.tss.com.bd, www.tss.gov.bd, Fax: 02-224412700

গ্রহণের আহবান জানানো হয়। ড. মোঃ রফিকুল মতিন ও জনাব মোঃ ফিরোজ আহমেদ পরিচালকের পদ থেকে অবসর গ্রহণ করেন। সভাপতি তাঁদের পদত্যাগপত্র গ্রহণ করেন।

৪.২। এ পর্যায়ে সভাপতি টেশিস পরিচালনা পর্ষদ চলমান রাখার প্রয়োজনে পর্ষদে দুইজন পরিচালক নিয়োগ দেয়ার অনুরোধ জানালে সরকারের প্রতিনিধি তাতে সম্মতি দেন। জনাব সাব্বীর আহমেদ এফসিএ, পরিচালক, টেশিস পরিচালনা পর্ষদ এর প্রস্তাবে, জনাব একেএম হাবিবুর রহমান, পরিচালক, টেশিস পরিচালনা পর্ষদ এর সমর্থনে এবং সরকারের প্রতিনিধি জনাব এ. বি. এম. সাদিকুর রহমান, উপসচিব, এর সম্মতিতে নিম্নবর্ণিত ২ জন পরিচালককে টেশিস পরিচালনা পর্ষদে পুনঃ নিয়োগ প্রদান করা হয়:
১. ড. মোঃ রফিকুল মতিন, ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল
২. জনাব মোঃ ফিরোজ আহমেদ, যুগ্মসচিব, অর্থ বিভাগ

৪.৩। সিদ্ধান্ত-২/৫১: পরিচালক ড. মোঃ রফিকুল মতিন ও জনাব মোঃ ফিরোজ আহমেদ এর পদত্যাগ পত্র গৃহীত।

৪.৪। সিদ্ধান্ত-৩/৫১: জনাব ড. মোঃ রফিকুল মতিন ও জনাব মোঃ ফিরোজ আহমেদ কে টেশিস পরিচালনা পর্ষদে পুনঃ নিয়োগ প্রদান।

৫। আলোচ্য সূচি ০৩: টেশিসের ২০২১-২০২২ অর্থ বৎসরের নিরীক্ষিত হিসাব অনুমোদন:

৫.১। কোম্পানি সচিব অডিট ফার্ম 'মেসার্স আহসান মনজুর এন্ড কো., চার্টার্ড একাউন্ট্যান্টস' কর্তৃক প্রস্তুতকৃত টেশিসের ২০২১-২০২২ অর্থ বছরের নিরীক্ষা প্রতিবেদন সম্মানিত শেয়ারহোল্ডারগণের নিকট উপস্থাপন করেন। সভাপতি নিরীক্ষা প্রতিবেদন পর্যবেক্ষণের জন্য সম্মানিত শেয়ারহোল্ডারদের প্রতি আহবান জানান। শেয়ারহোল্ডারগণ উপস্থাপিত প্রতিবেদনের বিশেষ দিকগুলো পরখ করে দেখেন। সাধারণ সভায় উপস্থিত অডিট ফার্মের প্রতিনিধি নিরীক্ষা প্রতিবেদনের বিভিন্ন বিষয় সম্পর্কে সভাকে অবহিত করেন। সভার আলোচনান্তে নিরীক্ষা প্রতিবেদনের পর্যবেক্ষণসমূহ পরবর্তী পর্ষদ সভায় উপস্থাপনের অনুরোধ সহ টেশিসের ২০২১-২০২২ অর্থ বছরের নিরীক্ষিত প্রতিবেদন অনুমোদন করা হয়।

৫.২। সিদ্ধান্ত-৪/৫১: টেশিসের ২০২১-২০২২ অর্থ বছরের নিরীক্ষিত প্রতিবেদন সর্বসম্মতভাবে অনুমোদিত।

৬। আলোচ্য সূচি ০৪. টেশিসের ২০২২-২৩ অর্থ বৎসরের জন্য অডিটর নিয়োগ ও সম্মানী নির্ধারণ:

৬.১। টেশিসের বর্তমান এক্সটারনাল অডিট ফার্ম 'মেসার্স আহসান মনজুর এন্ড কো., চার্টার্ড একাউন্ট্যান্টস, হাউজ-৩৭৩ (৩য় তলা), রোড-২৮, ডিওএইচএস মহাখালী, ঢাকা-১২০৬' অত্র বার্ষিক সাধারণ সভায় অবসর গ্রহণ করেছেন। ফার্মটি গত ৩ বছর যাবৎ (২০১৯-২০২০ অর্থ বছর হতে) টেশিসের নিরীক্ষা কাজ সম্পন্ন করে আসছেন। এ অডিট ফার্মটি ২০২১-২০২২ অর্থ বছরের জন্য ভ্যাট বাদে বাৎসরিক ১,১০,০০০.০০ (এক লক্ষ দশ হাজার) টাকা পারিশ্রমিকে ৫০তম সাধারণ সভায় নিরীক্ষক হিসেবে নিয়োগ পান। 'মেসার্স আহসান মনজুর এন্ড কো., চার্টার্ড একাউন্ট্যান্টস' কাজের পরিমাণ ও মুদ্রাস্ফীতি বিবেচনায় পারিশ্রমিক গত বছরের ভ্যাট বাদে ১,১০,০০০ (এক লক্ষ দশ হাজার) টাকা হতে বৃদ্ধি করে ২০২২-২০২৩ অর্থ বছরের জন্য পুনঃ নিয়োগের জন্য আবেদন করেছেন। এছাড়া টেশিস কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে প্রস্তাব আহবান করায় নতুন তিনটি অডিট ফার্ম ২০২২-২০২৩ অর্থ বছরের জন্য টেশিসের নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করার আগ্রহ ব্যক্ত করে লিখিত আবেদন করেছেন। সব মিলিয়ে আবেদনকারী প্রতিষ্ঠানসমূহের অবস্থা নিম্ন ছকে দেয়া হলঃ

টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড (টেশিস)
ডিজিটাল ডিভাইস উৎপাদন, সংযোজন ও সরবরাহকারী একমাত্র রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান
ব্যবস্থাপনা পরিচালক এর কার্যালয়, টঙ্গী, গাজীপুর ১৭১০
Website: www.tss.com.bd, www.tss.gov.bd, Fax: 02-224412700

ডিজিটাল বাংলাদেশ
Digital Bangladesh
উন্নত মান ও বিশ্বস্ত সেবার পথিকৃৎ

ক্রমিক	নাম	ঠিকানা	প্রস্তাবিত ফি (ভ্যাট ব্যতীত)	মন্তব্য
১	মুহম্মদ শহীদুল্লাহ এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস	গোল্ডেন সান (লেভেল-৪ ও ৬), হাউস-এ, রোড-২, ব্লক-এল, বনানী, ঢাকা-১২১৩	১,২৫,০০০/-	সর্বনিম্ন
২	এস.আর. ইসলাম এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস	৩৭/২, পুরানা পল্টন, ফ্ল্যাট-৯ডি, ফায়েনাজ টাওয়ার (১০ম তলা), বক্স কার্লভার্ট রোড, ঢাকা-১০০০।	১,৭৫,০০০/-	২য় সর্বনিম্ন
৩	হোসেন চৌধুরী এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস	৬৮, ভূইয়া সেন্টার (৫ম তলা), দিলকুশা বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।	২,০০,০০০/-	সর্বোচ্চ
৪	মেসার্স আহসান মনজুর এন্ড কো., চার্টার্ড একাউন্ট্যান্টস	হাউজ-৩৭৩ (৩য় তলা), রোড-২৮, ডিওএইচএস মহাখালী, ঢাকা-১২০৬	১,১০,০০০/- এর অধিক	সন্তোষজনক নয়

৬.২। যেহেতু টেশিসে ৩ বছর যাবৎ নিযুক্ত অডিট ফার্ম 'মেসার্স আহসান মনজুর এন্ড কো., চার্টার্ড একাউন্ট্যান্টস' এর Performance তেমন সন্তোষজনক নয় বলে প্রতীয়মান হয়েছে, সেহেতু কোম্পানির নিরীক্ষা কার্যক্রমটি আরো সুচারুভাবে করার স্বার্থে ২০২২-২০২৩ অর্থ বছরে টেশিসের অডিট সম্পন্ন করার জন্য নতুন অডিটর নিয়োগ করা যেতে পারে বলে সভায় মতামত ব্যক্ত করা হয়। সভায় টেশিসের সম্মানিত পরিচালক জনাব সাব্বীর আহমেদ এফসিএ, আবেদনকারী অডিট ফার্মসমূহের মধ্যে 'মুহম্মদ শহীদুল্লাহ এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস' টেশিসের নিরীক্ষা কার্যক্রম পরিচালনায় যোগ্যতাসম্পন্ন ও ব্যয় সাশ্রয়ী হবে বলে মতামত দেন। সার্বিক বিষয়ে আলাপ-আলোচনান্তে নতুন আবেদনকারী অডিট ফার্মসমূহের মধ্যে সর্বনিম্ন ফি প্রস্তাবকারী 'মুহম্মদ শহীদুল্লাহ এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস' কে টেশিসের ২০২২-২০২৩ অর্থ বছরের হিসাব নিরীক্ষার জন্য এক্সটারনাল অডিটর হিসেবে ভ্যাট বাদে ১,২৫,০০০ (এক লক্ষ পঁচিশ হাজার) টাকা পারিশ্রমিকে নিয়োগ করা যায় মর্মে শেয়ারহোল্ডার-গন একমত পোষণ করেন।

৬.৩। সিদ্ধান্ত-৫/৫১: 'মুহম্মদ শহীদুল্লাহ এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস' কে ভ্যাট বাদে ১,২৫,০০০ (এক লক্ষ পঁচিশ হাজার) টাকা পারিশ্রমিকে টেশিসের ২০২২-২০২৩ অর্থ বছরের জন্য টেশিসের এক্সটারনাল অডিট ফার্ম হিসেবে নিয়োগ প্রদান।

৭। আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে বার্ষিক সাধারণ সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ খলিলুর রহমান),
সভাপতি
ও
চেয়ারম্যান, টেশিস পরিচালনা পর্ষদ

নিরীক্ষা প্রতিবেদন
২০২২-২৩



Independent Auditor's Report and Audited Financial Statements of Telephone Shilpa Sangstha Limited For The year ended 30 June 2023

মুহম্মদ শহীদুল্লাহ এন্ড কোং
Muhammad Shaheedullah & Co.
Chartered Accountants

Independent Auditor's Report

To the Shareholders of Telephone Shilpa Sangstha Limited

Report on the Audit of the Financial Statements

Opinion

We have audited the accompanying Financial Statements of **Telephone Shilpa Sangstha Limited** which comprise the Statement of Financial Position as at 30 June 2023, Statement of Comprehensive Income, Statement of Changes in Equity and Statement of Cash Flows for the year then ended, and notes, comprising a summary of significant accounting policies and other explanatory information.

In our opinion, the accompanying Financial Statements give a true and fair view of the financial position of the Company as at 30 June 2023 and of its financial performance and its Cash flows for the year then ended in accordance with International Financial Reporting Standards (IFRSs), the Companies Act 1994 and other applicable law/rules & regulations.

Basis for Opinion

We conducted our audit in accordance with International Standards on Auditing (ISAs). Our responsibilities under those standards are further described in the Auditor's Responsibilities for the Audit of the Financial Statements section of our report. We are independent of the Company in accordance with the International Ethics Standards Board for Accountants' Code of Ethics for Professional Accountants (IESBA Code) together with ethical requirement that are relevant to our audit of the Financial Statements in Bangladesh, and we have fulfilled our other ethical responsibilities in accordance with the IESBA Code. We believe that the audit evidence we have obtained is sufficient and appropriate to provide a basis for our opinion.

Responsibilities of Management and Those Charged with Governance for the Financial Statements and Internal Controls

Management is responsible for the preparation of Financial Statements that give a true and fair view in accordance with IFRSs, the Companies Act 1994 and other applicable rules and regulations and for such internal control as management determines is necessary to enable the preparation of Financial Statements that are free from material misstatement, whether due to fraud or error.

In preparing the Financial Statements, management is responsible for assessing the Company's ability to continue as a going concern, disclosing, as applicable, matters related to going concern and using the going concern basis of accounting unless management either intends to liquidate the Company or to cease operations, or has no realistic alternative but to do so.

Those charged with governance are responsible for overseeing the Company's financial reporting process.

Auditor's Responsibilities for the Audit of the Financial Statements

Our objectives are to obtain reasonable assurance about whether the Financial Statements as a whole are free from material misstatement, whether due to fraud or error, and to issue an auditor's report that includes our opinion. Reasonable assurance is a high level of assurance, but is not a guarantee that an audit conducted in accordance with ISAs will always detect a material misstatement when it exists.

Misstatements can arise from fraud or error and are considered material if, individually or in the aggregate, they could reasonably be expected to influence the economic decisions of users taken on the basis of these Financial Statements.

As part of an audit in accordance with ISAs, we exercise professional judgment and maintain professional skepticism throughout the audit. We also:

- Identify and assess the risks of material misstatement of the Financial Statements, whether due to fraud or error, design and perform audit procedures responsive to those risks, and obtain audit evidence that is sufficient and appropriate to provide a basis for our opinion. The risk of not detecting a material misstatement resulting from fraud is higher than for one resulting from error, as fraud may involve collusion, forgery, intentional omissions, misrepresentations, or the override of internal control.
- Obtain an understanding of internal control relevant to the audit in order to design audit procedures that are appropriate in the circumstances, but not for the purpose of expressing an opinion on the effectiveness of the Company's internal control.
- Evaluate the appropriateness of accounting policies used and the reasonableness of accounting estimates and related disclosures made by management.
- Conclude on the appropriateness of management's use of the going concern basis of accounting and, based on the audit evidence obtained, whether a material uncertainty exists related to events or conditions that may cast significant doubt on the Company's ability to continue as a going concern. If we conclude that a material uncertainty exists, we are required to draw attention in our auditor's report to the related disclosures in the Financial Statements or, if such disclosures are inadequate, to modify our opinion. Our conclusions are based on the audit evidence obtained up to the date of our auditor's report. However, future events or conditions may cause the Company to cease to continue as a going concern.
- Evaluate the overall presentation, structure and content of the Financial Statements, including the disclosures, and whether the Financial Statements represent the underlying transactions and events in a manner that achieves fair presentation.

We communicate with those charged with governance regarding, among other matters, the planned scope and timing of the audit and significant audit findings, including any significant deficiencies in internal control that we identify during our audit.

Report on Other Legal and Regulatory Requirements

We also report that:

a) we have obtained all the information and explanations which to the best of our knowledge and belief were necessary for the purpose of our audit and made due verification thereof;

b) in our opinion, proper books of accounts as required by law have been kept by the Company so far as it appeared from our examination of these books;

c) The Statement of Financial Position and Statement of Comprehensive Income dealt with by the report are in agreement with the books of accounts and returns.

d) Expenses were incurred for the purpose of business of the company.

Farhana Mahejabin FCA
Enroll. No. 1349
Partner
Muhammad Shaheedullah & Co.
Chartered Accountants

Date: 15 November 2023
DVC # 2311151349AS365376

মুহম্মদ শহীদুল্লাহ এন্ড কোং
Muhammad Shaheedullah & Co.
Chartered Accountants

Telephone Shilpa Sangstha Limited
Statement of Financial Position
As at 30 June 2023

Particulars	Notes	30 June 2023 Taka	30 June 2022 Taka
Assets			
Non-current assets			
Property, plant and equipment	4	10,204,304,040	10,219,473,556
		10,204,304,040	**10,219,473,556**
Investment			
Fixed deposits receipt	5	292,745,000	356,866,212
		292,745,000	**356,866,212**
Current assets			
Inventories	6	48,088,776	58,729,884
Accounts Receivable	7	139,078,972	1,016,445,430
Advance, deposit and prepayments	8	387,813,115	282,182,547
Cash and cash equivalents	9	279,731,339	79,896,268
		854,712,202	**1,437,254,129**
Total Assets		**11,351,761,242**	**12,013,593,897**
Equity And Liabilities			
Capital and reserves			
Share capital	10	86,824,000	86,824,000
Share money deposit	11	398	398
Capital reserve	12	1,478,220	1,478,220
General reserve	13	65,935,397	65,935,397
Revaluation reserve	14	10,383,459,269	10,391,128,344
Retained earnings	15	286,129,891	353,918,145
		10,823,827,174	**10,899,284,504**
Current liabilities			
Accounts payable	16	73,997,243	58,535,928
Advance receipts & security deposits	17	404,907,083	1,001,454,116
Provision for gratuity	18	14,998,355	21,968,858
Liability for expenses	19	954,131	1,300,285
Provision for corporate tax	20	33,077,256	31,050,206
		527,934,068	**1,114,309,393**
Total Equity And Liabilities		**11,351,761,242**	**12,013,593,897**

The annexed notes form an integral part of these financial statements.

Company Secretary **Director** **Managing Director**

Signed in terms of our separate report of even date annexed.

Farhana Mahejabin FCA
Enroll. No. 1349
Partner
Muhammad Shaheedullah & Co.
Chartered Accountants

Place: Dhaka
Date: 15 November 2023
DVC # 231115134949AS365376

মুহম্মদ শহীদুল্লাহ এন্ড কোং
Muhammad Shaheedullah & Co.
Chartered Accountants

Telephone Shilpa Sangstha Limited
Statement of Profit or Loss and Other Comprehensive Income
For the year ended 30 June 2023

Particulars	Notes	30 June 2023 Taka	30 June 2022 Taka
Sales revenue	21	603,511,990	1,305,554,540
Less: Cost of goods sold	22	598,711,723	1,284,056,405
Gross profit		**4,800,267**	**21,498,135**
Less: Administrative expenses	23	85,767,021	95,353,850
Selling and Distribution Expenses	24	7,776,439	5,294,514
		93,543,460	**100,648,364**
Operating Profit / (Loss)		**(88,743,193)**	**(79,150,229)**
Add: Non-operating income	25	22,424,942	46,462,423
		22,424,942	**46,462,423**
Net profit / (Loss) before tax		**(66,318,250)**	**(32,687,807)**
Less: Provision for income tax		3,755,622	9,485,806
Net profit / (Loss) after tax		**(70,073,872)**	**(42,173,613)**

The annexed notes form an integral part of these financial statements.

Company Secretary **Director** **Managing Director**

Signed in terms of our separate report of even date annexed.

Place: Dhaka
Date: 15 November 2023
DVC # 231115134905365376

Farhana Mahejabin FCA
Enroll. No. 1349
Partner
Muhammad Shaheedullah & Co.
Chartered Accountants

Telephone Shilpa Sangstha Limited
Statement of Changes in Equity
For the year ended 30 June 2023

Amount in Taka

Particulars	Share Capital	Share Money deposit	Capital reserve	General reserve	Revaluation reserve	Retained earnings	Total
